পাবনায় কাব স্কাউট ইউনিট লিডার বেসিক কোর্স সম্পন্ন

স্টাফ রিপোর্টার: বাংলাদেশ
স্কাউটস পাবনা জেলা শাখার
ব্যবস্থাপনায় ৪৪৬তম কাব স্কাউট
ইউনিট লিডার বেসিক কোর্স সম্পন্ন
হয়েছে ।

শহীদ আহমেদ রফিক বালিকা উচ্চ বিদ্যালয়ে মঙ্গলবার বিকেলে প্রধান অতিথি হিসেবে কোর্সের সমাপনী দিনে মহা তাবু জলসার উদ্বোধন করেন, জেলা প্রশাসক ও বাংলাদেশ স্কাউটস জেলা শাখার সভাপতি রেখা রানী বালো।

বাংলাদেশ স্কাউটস রাজশাহী অঞ্চলের পরিচালনায়, বাংলাদেশ স্কাউটস রাজশাহী অঞ্চলের উপ-কমিশনার(প্রোগ্রাম) ও কোর্স লিডার নওশাদ আলী, গার্লস গাইড এর জেলা সম্পাদক ও শহীদ আহমেদ রফিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হেলেনা খাতুন, স্কাউট পাবনা ও সিরাজগঞ্জ জোনের সহকারী পরিচালক রাসেল আহমেদ, জেলা স্কাউটস কমিশনার শফিকুল ইসলাম স্বপন, জেলা সম্পাদক মীর্জা আলী নাসির, সদর উপজেলা স্কাউট কমিশনার কামরুন্নাহার, জেলা গার্লস গাইড কমিশনার আদুবালা শীল,সদর কমিশনার ও ইমামগাজ্জালী গার্লস স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ সুরাইয়া সুলতানা, জেলা স্কাউটস লিডার আলহাজ জাহিদ হোসেন ও বিদ্যালয় ম্যানেজিং কমিটির সদস্য শহিদুল ইসলাম লালু। ৫দিন ব্যাপী কোর্স পরিচালনায় প্রশিক্ষক ছিলেন মহসীণ আলী, এনামুল হক, সাজেদুল ইসলাম, আজিজুল হক ও আশরাফুল ইসলাম উপস্থিত ছিলেন।

কোর্সে পাবনা সদর, সুজানগর ও সাথিয়া উপজেলার ৩২ জন প্রাথমিক শিক্ষক শিক্ষিকা অংশ গ্রহণ করেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন আজিজুল হক।